

## সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৬১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

### بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا الْعَبَّاسُ بْنُ الْعَبَّاسِ بْنِ الْمُغِيرَةَ ، نَا عَمِّي ، نَا هِشَامُ بْنُ بَهْرَامَ ، نَا يَحْيَى بْنُ مَطَرٍ ، نَا خَالِدُ الْحَذَاءُ ، عَنْ عِرَاكِ بْنِ مَالِكٍ ، عَنْ عَائِشَةَ قَالَتْ : سَمِعَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِقَوْمٍ يَكْرَهُونَ أَنْ يَسْتَقْبِلُوا الْقِبْلَةَ بِغَائِطٍ أَوْ بَوْلٍ ، فَحَوَّلَ مَقْعَدَتَهُ إِلَى الْقِبْلَةِ . هَذَا الْقَوْلُ أَصَحُّ . هَكَذَا رَوَاهُ أَبُو عَوَانَةَ وَالْقَاسِمُ بْنُ مُطَيْبٍ وَيَحْيَى بْنُ مَطَرٍ ، عَنْ خَالِدِ الْحَذَاءِ ، عَنْ عِرَاكٍ . وَرَوَاهُ عَلِيُّ بْنُ عَاصِمٍ وَحَمَّادُ بْنُ سَلَمَةَ ، عَنْ خَالِدِ الْحَذَاءِ ، عَنْ خَالِدِ بْنِ أَبِي الصَّلْتِ ، عَنْ عِرَاكٍ وَتَابِعَهُمَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ إِلَّا أَنَّهُ ، قَالَ : عَنْ رَجُلٍ

বাংলা

১৬১(৫). আল-আব্বাস ইবনুল আব্বাস ইবনুল মুগীরা (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুনলেন যে, এক দল লোক কিবলাকে সামনে অথবা পিছনে রেখে পায়খানা-পেশাব করা অপছন্দ করে। অতএব তিনি তাঁর পায়খানায় বসার পাদানি কিবলার দিকে করে নিলেন। এই বক্তব্য অধিকতর সহীহ। আবু আওয়ানা, আল-কাসেম ইবনে মুতায়্যিব ও ইয়াহইয়া ইবনে মাতার-খালিদ আল-হাযযা-ইরাকের সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন। আলী ইবনে আসেম ও হাম্মাদ ইবনে সালামা (রহঃ) খালিদ আল-হাযযা-খালিদ ইবনে আবুস-সালাত-ইরাক থেকে পূর্বোক্ত হাদীসটি বর্ণনা করেন। আবদুল ওয়াহ্‌হাব আছ-ছাকাফী (রহঃ) উভয়ের অনুসরণ করেছেন, তবে তিনি বলেন, 'এক ব্যক্তির সূত্রে'।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=79950>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন